

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ  
তথ্য, সংস্কৃতি ও পর্যটন দপ্তর,  
খুমলুঙ, পশ্চিম ত্রিপুরা

দেওয়ালী উপলক্ষ্যে এডিসির শুভেচ্ছা

এডিসি।স-১৫০

খুমলুঙ, ০২।১১।২০২১ইং

ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের চেয়ারম্যান জগদীশ দেববর্মা দেওয়ালী উপলক্ষ্যে রাজ্যবাসীর প্রতি আন্তরিক শুভেচ্ছা জানান। এই উৎসবের মাধ্যমে রাজ্যের চিরাচরিত সর্বধর্মের প্রতীক আরও শক্তিশালী হবে বলে শুভেচ্ছা বার্তায় আশা ব্যক্ত করে কোভিড ১৯ এর স্বাস্থ্য বিধি মেনে উৎসব পালন করার জন্য শ্রীদেববর্মা আহ্বান করেন।

এদিকে এউপলক্ষ্যে পৃথক বার্তায় মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া রাজ্যবাসীর প্রতি আন্তরিক শুভেচ্ছা জানিয়ে কোভিড ১৯ এর স্বাস্থ্য বিধি মেনে উৎসব পালন করার জন্য আহ্বান রাখেন।

এডিসির তথ্য সংস্কৃতি ও পর্যটন দপ্তরের প্রধান  
আধিকারিক হিসেবে বিনয় দেববর্মার যোগদান

এডিসি।স-১৫১

খুমলুঙ, ০২।১১।২০২১ইং

ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের তথ্য, সংস্কৃতি ও পর্যটন দপ্তরের প্রধান আধিকারিক হিসেবে বিনয় দেববর্মা যোগদান করেছেন। তিনি উপেন্দ্র দেববর্মার স্থলাভিষিক্ত হয়েছেন। উল্লেখ্য বিনয় দেববর্মা ককবরক দপ্তরের পাশাপাশি তথ্য, সংস্কৃতি ও পর্যটন দপ্তরের প্রধান আধিকারিক হিসেবে কাজ করবেন। এদিকে উপেন্দ্র দেববর্মা পশ্চিম জোন্যালের জোন্যাল আধিকারিক হিসেবে যোগদান করেছেন। তিনি হিমাঙ্গিনী দেববর্মার স্থলাভিষিক্ত হয়েছেন। অন্যদিকে হিমাঙ্গিনী দেববর্মা ক্রীড়া ও যুব কর্মসূচী দপ্তরের প্রধান আধিকারিক হিসেবে যোগদান করেছেন।

আগামীকাল এডিসির কৃষি দপ্তরের নতুন ইঞ্জিনিয়ারিং  
শাখার নির্বাহী বাস্তুকার অফিসের শুভ উদ্বোধন

এডিসি।স-১৫২

খুমলুঙ, ০২।১১।২০২১ইং

আগামীকাল খুমলুঙে এডিসির কৃষি দপ্তরের নতুন ইঞ্জিনিয়ারিং শাখার নির্বাহী বাস্তুকার অফিস চালু করা হবে। নতুন অফিসের শুভ উদ্বোধন করবেন মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পূর্ত ও শিক্ষা দপ্তরের নির্বাহী সদস্য চিত্তরঞ্জন দেববর্মা। সন্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এমডিসি গনেশ দেববর্মা, অতিরিক্ত মুখ্যনির্বাহী আধিকারিক উষারঞ্জন দেববর্মা, পূর্ত দপ্তরের মুখ্য বাস্তুকার ই-আর মিহির দাস। সভাপতিত্ব করবেন উপ-মুখ্যনির্বাহী সদস্য অনিমেঘ দেববর্মা। এসংবাদ জানান মুখ্যনির্বাহী আধিকারিক সিকে. জমাতিয়া।